



প্যাণ্ডেলে আগুন সত্ত্বেও আজ ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপনের প্রস্তুতি


# পুলিশী অভিযান ও গ্রেফতারের প্রতিবাদে ভিসিসহ কয়েকজন শিক্ষক নাজেহাল

৥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥  
ঢাকা বিশ্ববিদ্যালয়ের মহসীন হলে গত মঙ্গলবার দিবাগত রাতে পুলিশী তল্লাশি ও ছাত্র নেতা নীরু, বাবলুসহ ১১ জনকে গ্রেফতারের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্র দলের বিক্ষুব্ধ কর্মীরা গতকাল সকালে ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান, প্রো-ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদ, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর কে, এ, এম, সাদউদ্দিনসহ বেশ কয়েকজন শিক্ষককে নাজেহাল করে। তারা ভাইস চ্যান্সেলরের বাসভবনের নীচতলার আসবাবপত্র ভাংগুচুর করে এবং জানালার পর্দা ও টেবিলক্ৰমে আগুনও ধরিয়ে দেয়। এ সময় তারা ভিসি'র বাড়ীতে পার্ক করা


প্রো-ভিসি, রেজিস্ট্রার ও কোম্পাঞ্চের গাড়ী তিনটির কাঁচও ভেঙ্গে ফেলে। এর আগে বিক্ষুব্ধ ছাত্রদল কর্মীরা প্রশাসনিক ভবনের মূল গেট ভেঙ্গে ভিসি'র অফিস তছনছ করে। তারা

অফিসের আসবাবপত্র, ঘড়ি ও অফিসে রক্ষিত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্মৃতিচিহ্নও ভেঙ্গে চুরমার করে। ছাত্রদল কর্মীরা বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে প্রশাসনিক ভবনের সামনে

নির্মিত প্যাণ্ডেলেও আগুন ধরিয়ে দেয়। সকাল ৬টা থেকে ৭টা পর্যন্ত ক্যান্সাসে এ তছনছ চলে। গত মঙ্গলবার রাত সাড়ে তিনটা শেষ পঃ ৭-এর কঃ দেখুন



ছাত্র নেতা নীরু-বাবলুসহ ১১ জনকে গ্রেফতারের প্রতিবাদে গতকাল একদল যুবক ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপনের উদ্দেশ্যে নির্মিত মঞ্চে আগুন ধরিয়ে দেয়



মহসীন হল থেকে উদ্ধারকৃত অস্ত্রশস্ত্র

## শিক্ষক নাজেহাল

প্রথম পৃষ্ঠার পর থেকে ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত পুলিশ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিনানুমতিতে মহসীন হলের বিভিন্ন কক্ষে তল্লাশি চালায় এবং ৩টি গুলী ভর্তি পিস্তল, কিছু তাজা গুলী, ৪টি রামদা ও প্রচুর পরিমাণ হাত বোমা উদ্ধার করে ও নীরু-বাবলুসহ ১১ জন জাতীয়তাবাদী ছাত্রদল নেতা-কর্মীকে গ্রেফতার করে। পরে গতকাল বিকেলে তারা জামিনে মুক্তি পান। এদের মধ্যে ৪ জন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তিছু ছাত্র ছিল। তারা হলে অতিথি হিসেবে অবস্থান করছিল বলে জানা গেছে। পুলিশ রাত সাড়ে ৩টার দিকে হলের পশ্চিম দিকের মূল গেট ভেঙ্গে ভিতরে প্রবেশ করে তল্লাশি চালায়। হলে পুলিশী অভিযান, ছাত্র গ্রেফতার ও তার পরের ঘটনার ফলে উদ্ভূত পরিস্থিতির কারণে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। লাইব্রেরীসহ অন্যান্য প্রশাসনিক কাজকর্ম বন্ধ থাকে এবং বিভিন্ন রুটে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব বাসও চলাচল করেনি।

**ভিসি'র ভাষা**  
মহসীন হলে পুলিশী তল্লাশি, ছাত্র গ্রেফতার ও পরবর্তীতে তাঁর অফিস, বাড়ী ভাংগুচুর ও তছনছের ঘটনা সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে গতকাল সন্ধ্যায় ভিসি বলেন, "আমার জয়গা তো মাত্র সাড়ে তিন হাত, তা-ও গ্রামের বাড়ীতে হবে। অফিস, বাড়ী, আসবাবপত্র, বিশ্ববিদ্যালয় সবই-তো জাতীয় সম্পদ। এগুলো ছাত্রদের জন্য, তারাই ভাবে, তারাই গড়বে।"  
পুলিশ অভিযান চালানোর আগে তাঁর অনুমতি চাননি; তবে অভিযান চলার সময় ভোর সোয়া ৪টার দিকে পুলিশ টেলিফোনে তাঁর অনুমতি চান বলে তিনি জানান। তাঁর বাড়ী ও অফিসে হামলাকে তিনি স্কোভের বহিঃপ্রকাশ বলে অভিহিত করেন। তিনি এর জন্য বহিরাগতদের দায়ী করেন।  
**ছাত্র দলের প্রতিবাদ**  
এদিকে জাতীয়তাবাদী ছাত্র দল গতকাল সন্ধ্যায় টিএসসিতে এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাসী কার্যকলাপের সাথে তাদের কোন সংশয় নেই বলে দাবী করেন। তারা এ ধরনের ঘটনার জন্য

সাথে একটি বিশেষ ছাত্র সংগঠনের কতিপয় নেতা কাপড় দিয়ে মুখ ঢাকা অবস্থায় ছিল। তাদের কক্ষ থেকে কথিত উদ্ধার করা অস্ত্র তাদের নয় বলে তারা দাবী করেছেন। তাদের বিরুদ্ধে অবৈধ অস্ত্র রাখার মামলা দায়ের করা হয়েছে বলেও তারা জানান। ছাত্র দল হলে পুলিশী অভিযান ও গ্রেফতারের প্রতিবাদে আগামী ৭ ফেব্রুয়ারী প্রতিবাদ দিবস পালনের কর্মসূচী ঘোষণা করেছে।  
কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ এক বিবৃতিতে কর্তৃপক্ষের বিনানুমতিতে হলে পুলিশী অভিযান ও গ্রেফতারের নিন্দা করেছেন। তারা এ ঘটনার সূত্র ধরে একটি বিশেষ সংগঠনের ছত্রছায়ায় বহিরাগতদের দ্বারা ভিসি'র বাড়ী, অফিস তছনছ ও শিক্ষকদের নাজেহালের ঘটনায় তীব্র ক্ষোভ ও নিন্দা প্রকাশ করেছেন। আজ ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস-৮৭ যথার্থীতি উদযাপিত হবে। এ উপলক্ষে কলাভবনের পশ্চিম পাশের চত্বরে সম্মিলিত 'কুচকাওয়াজের মাধ্যম দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জাতীয় অধ্যাপক ডঃ মোহাম্মদ ইব্রাহিম। এতে সভাপতিত্ব করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান। অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন আহমদ ধন্যবাদ জ্ঞাপন করবেন।  
**পুলিশের ভাষা**  
ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার এক বিবৃতি জানান, বিশ্ববিদ্যালয় এলাকাকে সন্ত্রাস মুক্ত করার জন্য সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে পুলিশ বেআইনীভাবে রক্ষিত অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য উদ্ধারের জন্য গত ৪ ফেব্রুয়ারী ভোর রাতে হাজী মোঃ মহসীন হলে তল্লাশি চালায়। এ জন্য পুলিশ পূর্বেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করে। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সহযোগিতা দানে অপারগতা প্রকাশ করে। পুলিশের নিকট দৃষ্ণতকারী ও তাদের দখলে রাখা বে-আইনী অস্ত্রশস্ত্র ও বিস্ফোরক দ্রব্যের অবস্থান সম্পর্কে সুস্পষ্ট সংবাদ থাকায় তারা মহসীন